# ALL INDIA RADIO, SILCHAR

**************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 28-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

----------------------------------------

১) চিকিৎসা বিজ্ঞানের পাঠ্যক্রমে ভর্তির জন্য জাতীয় যোগ্যতা নিরূপন তথা প্রবেশ পরীক্ষায় অনিয়মের অভিযোগে বিরোধী পক্ষের করা প্রতিবাদের জন্য লোকসভার কাজকর্ম দিনটির জন্য স্থগিত।

২) প্রস্তাবিত কামাখ্যা করিডোর প্রকল্পের পরিকাঠামোর কাজকর্ম সুষ্ঠুভাবে করার জন্য ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান সব পরীক্ষা নিরীক্ষা করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ।

৩) অরুণাচল প্রদেশের উপ-মুখ্যমন্ত্রী চাওনা মেইন এবং রাজ্যের আবগারী মন্ত্রী কেশব মহন্তের উপস্থিতিতে আজ উভয় রাজ্যের আবগারী বিভাগের বৈঠক।

এবং

৪) আসাম বিধানসভার উদ্যোগে ষষ্ঠ অনুসূচীর অন্তর্ভুক্ত না হওয়া রাজ্যের স্ব-শাসিত পরিষদগুলির আজ থেকে দুদিনব্যাপী সম্মেলন।

---

লোকসভার কাজকর্ম আজ চিকিৎসা বিজ্ঞানের পাঠ্যক্রমে ভর্তির জন্য জাতীয় যোগ্যতা নিরুপণ তথা প্রবেশ পরীক্ষা নীটের অনিয়মের অভিযোগে বিরোধী পক্ষের করা প্রতিবাদের জন্য দিনটির জন্য স্থগিত রাখা হয় । লোকসভার কাজ কর্ম প্রথমবারের জন্য স্থগিত রাখার পর বেলা ১২ টায় সভায় পুনরায় মিলিত হোয়ার সময় কংগ্রেসের সাংসদরা বিষয়টি নিয়ে শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবীতে শ্লোগান দিতে থাকেন । কংগ্রেস , ডি এম কে , তৃণমূল কংগ্রেস , সমাজবাদী পার্টি ও আন্যান্য দলের সদস্যরা সভার মধ্যে গিয়ে শ্লোগান দিতে থাকেন ।এই পরিস্থিতির মধ্যে অধক্ষ্য ওম বিরলা বলেন যে বিষয়টি তদন্ত করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে । সভার কাজ কর্ম পূর্ব পরিকল্পনা অনুযায়ী চলতে না দেওয়া সংসদীয় গনতন্ত্রের জন্য সঠিক নয় বলে তিনি মন্তব্য করেন ।

নীটের বিষয় নিয়ে আলোচনার জন্য বিরোধী পক্ষের উত্থাপন করা দাবী প্রত্যাখান করে সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু বলেন যে রাষ্ট্রপতির অভিভাষন আলোচনার জন্য নির্ধারিত সময়ে অন্য বিষয় নিয়ে আলোচনা করার পরম্পরা নেই । তিনি কংগ্রেস ও অন্য বিরোধী দলগুলি সংসদের গরিমার অবমাননা করে বলে অভিযোগ করেন ।শ্রী রিজিজু রাষ্ট্রপতির অভিভাষনের আলোচনার সময় উত্থাপন করা যেকোনো বিষয়ের উত্তর দিতে প্রস্তুত বলে উল্লেখ করেন । এরপর ও সভায় হৈ হট্টগোলপূর্ন পরিস্থিতি আব্যাহত থাকায় সভার কাজ কর্ম দিনটির জন্য স্থগিত রাখা হয় ।এর আগে সকালে মিলিত হবার সময় অধক্ষ্য ওম বিরলা বিষয়টি নিয়ে বিরোধী দলগুলির উত্থাপন করা সভা স্থগিতকরণের প্রস্তাব অগ্রাহ্য করেন । কংগ্রেস , ডি এম কে , টি এম সি , সমাজবাদী পার্টি সহ বিরোধী দলগুলি নীট পরীক্ষার অনিয়মের বিষয়টি উত্থাপন করে ও বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য দাবী উত্থাপন করেন ।

রাজ্যসভায় আজ নীট নিয়ে হৈ হট্টগোলপূর্ন পরিস্থিতির সৃষ্টি হয় । সকালে রাজ্যসভায় মিলিত হবার সময় চেয়ারমেন জগদীপ ধনখড় বিরোধী সাংসদদের উত্থাপন করা সভাস্থগিতকরণের বিজ্ঞপ্তী অগ্রাহ্য করে বলেন যে

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু সংসদের উভয় সভার যৌথ বৈঠকে সম্বোধন করে দেওয়া ভাষনে প্রশ্ন ফাঁস ঘটনার নিরপেক্ষ তদন্ত ও দোষীদের কঠোর শাস্তি প্রদানের কথা উল্লেখ করেন । রাষ্ট্রপতির অভিভাষনের প্রতি ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কিত আলোচনার সময় সদস্যরা বিষয়টি নিয়ে আলোচনা করার পর্যাপ্ত সময় পাবে বলে শ্রী ধনখড় মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------

রাজ্যের পরিবহন মন্ত্রী কেশব মহন্ত আসাম থেকে আর্ন্তজাতিক বিমান সেবা সম্প্রসারণের বিষয়ে আলোচনা জন্য আজ এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের সংগে এক বৈঠকে মিলিত হন ।বৈঠকে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস গৌহাটী থেকে খুব শীঘ্র ঢাকা ও কাঠমুন্ডু সংযোগী নতুন বিমান পথে সরাসরি বিমান সেবা আরম্ভ করতে আগ্রহ প্রকাশ করেছে । এছাড়া ও গৌহাটী -সিংগাপুর ও গৌহাটী -ব্যাংকক সংযোগী বিমান সেবা খোলার জন্য ও বৈঠকে বিমান পরিবহন সংস্থাটি আগ্রহ প্রকাশ করেছে বলে পরিবহন মন্ত্রী শ্রী মহন্ত জানান ।

---------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ কামাখ্যা মন্দিরে উপস্থিত হয়ে রাজ্যবাসীর সুখ সমৃদ্ধির জন্য প্রার্থনা জানান । এরপর সাংবাদিকদের সঙ্গে কথাবার্তার সময় প্রস্তাবিত কামাখ্যা করিডোর প্রকল্প সম্পর্কে জানান যে দরপত্র আহ্বান করার পর একটি বেসরকারী কোম্পানী এই প্রকল্পটির কাজ পেয়েছে । কোম্পানীটি নক্সা ও পরিকল্পনা ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান গৌহাটীকে প্রদান করেছে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী বলেন যে ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান সবধরণের পরীক্ষা নীরিক্ষা করবে যাতে কামাখ্যার পরিকাঠামোতে কোনোধরণের অসুবিধা না হয় । এদিকে করিডোর শব্দটি শুনে অনেক লোক ভয় পেয়েছেন বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী ড. শর্মা বলেন যে করিডোর হচ্ছে একটি পথকে বড় করে তৈরী করা হবে এবং পথের ওপর টিন দেওয়া হবে । এছাড়া কোনোধরণের পরিবর্তন হবে না বলে মূখ্যমন্ত্রী স্পষ্ট করে দেন ।

---------------------------------------------------------------------------

অরুণাচল প্রদেশের উপ-মূখ্যমন্ত্রী চাওনা মেইন এবং রাজ্যের আবগারী মন্ত্রী কেশব মহন্তের উপস্থিতিতে আজ উভয় রাজ্যের আবগারী বিভাগের একটি

গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয় । গৌহাটীর আসাম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে আবগারী রাজস্ব বৃদ্ধির জন্য উভয় রাজ্য পূর্ণ সহযোগীতায় কাজ করে যাওয়া সহ অবৈধ মদ বিক্রয় রোধের জন্য দ্রুত তথ্যের আদান প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয় । বৈঠকে উভয় রাজ্যের বিভাগীয় উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার উদ্যোগে রাজ্যের স্ব-শাসিত পরিষদগুলির এক সম্মেলন আজ থেকে দুদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে দিসপুরের আসাম বিধানসভায় শুরু হয়েছে । রাজ্যের জনজাতি পরিক্রমা বিভাগের মন্ত্রী ডা:রণোজ পেগু এই সম্মলনের উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণদানকালে আসাম বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিত দৈমারী বলেন যে স্ব-শাসিত পরিষদসমূহকে শক্তিশালী ও কর্মদক্ষ করা ,কাজকর্ম সুষ্ঠু শৃঙ্খলবদ্ধভাবে করার জন্য নীতি প্রস্তুত করা ইত্যাদি লক্ষ্যে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে । সংবিধানের ষষ্ঠ অনুসূচীতে অর্ন্তভুক্ত না হওয়া ১০ টি স্বশাসিত পরিষদের সম্মলনের পর ষষ্ঠ অনুসূচীর অর্ন্তগত স্বশাসিত পরিষদ তিনটির জন্য আরো একটি সম্মেলন অনুষ্ঠিত হবে বলে শ্রী দৈমারী জানান । সম্মেলনে স্বাগত ভাষনে সংসদীয় পরিক্রমা বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা বলেন যে আসামের মোট জনসংখ্যার ১৭ দশমিক ৫ শতাংশ অনুসূচীত জনজাতি লোকেদের উন্নয়নের জন্য রাজ্য সরকার যথাসম্ভব প্রয়াস চালাচ্ছে ।সম্মেলনে মন্ত্রী উর্খাও ব্রহ্ম ,নন্দিতা গার্লোসাও তাঁদের ভাষণে রাজ্য সরকার ও স্বশাসিত পরিষদগুলির পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমে কাজকর্মেরও পোষকতা করেন ।

------------------------------------------------------------------------------------

শিলচর সিভিল হাসপাতাল আধুনিকীকরন দাবী কমিটির এক প্রতিনিধি দল আজ জেলা যুগ্ম-স্বাস্থ্য সঞ্চালকের সঙ্গে সাক্ষাৎ করে অবিলম্বে শিলচর সিভিল হাসপাতালে একজন রেডিওলজিষ্ট নিয়োগের দাবী জানানো হয়েছে । স্মারক পত্রের প্রতিলিপি রাজ্যের মূখ্যমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীর কাছেও পাঠানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে হিল্লোল ভট্টাচার্য্য , দীপঙ্কর চন্দ প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

নিট- পরীক্ষা ,ইউ জি সি-নেট পরীক্ষায় অনিয়মের তদন্ত ,চার বছরের ডিগ্রী কোর্স বাতিল ,জাতীয় শিক্ষানীতি ২০২০ বাতিলের দাবীতে আজ অল ইন্ডিয়া সেভ এডুকেশন কমিটির আহ্বানে শিলচরের ক্ষুদিরাম মূর্তির পাদদেশে সংগঠনের জেলা শাখার পক্ষ থেকে বিক্ষোভ কার্যসূচী পালন করা হয় । সংগঠনের রাজ্য কমিটির সহ-সভাপতি প্রাক্তন শিক্ষক সুব্রত চন্দ্র নাথ বিক্ষোভ চলাকালীন সময় বক্তব্য রাখেন । এছাড়া সংগঠনের সর্বভারতীয় কমিটির সহ-সভাপতি অধ্যাপক অজয় রায় , জেলা সভাপতি দীপঙ্কর চন্দ ,সম্পাদক শ্যামদেও কুর্মি সহ অন্যান্যরা বিক্ষোভ কার্যসূচীতে উপস্থিত ছিলেন ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে শিলচর গুরুচরন কলেজ সহ বিভিন্ন কলেজে ছাত্র ভর্তি নিয়ে যে সমস্যা দেখা দিয়েছে , তা সমাধানে জেলা আয়ুক্তের কাছে একটি স্মারক পত্র দেওয়া হয়েছে । সংগঠনের পক্ষ থেকে স্মারক পত্রে উচ্চতর মাধ্যমিক উর্ত্তীন সব ছাত্র-ছাত্রীদের ভর্তির সুযোগ প্রদান করা , প্রয়োজনে কলেজগুলিতে আসন ও শিফটের সংখ্যা বৃদ্ধি করার দাবী জানানো হয়েছে ।

---

করিমগঞ্জের অতিরিক্ত জেলা আয়ুক্ত ও লোকসভা নির্বাচনের ব্যয় ও পর্য্যবেক্ষন সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক নির্বাচনে প্রতিদ্বন্দী প্রার্থীদের ব্যয় সংক্রান্ত যাবতীয় হিসেব পত্র আগামীকালের মধ্যে জমা করতে অনুরোধ করেছেন । এছাড়া নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী আগামী ৩০শে জুন বেলা ১২টায় নির্বাচনী ব্যয় পর্য্যবেক্ষকের সাথে নির্বাচনে অবর্তীন প্রার্থীদের এক সভাও অনুষ্ঠিত হবে ।

---

করিমগঞ্জে মহিলা কেন্দ্রিক ১০০ দিবসীয় বিশেষ সচেতনতা অভিযান সংকল্প কার্যসূচী বাস্তবায়ন নিয়ে আজ জেলা পর্যায়ের এক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে সভায় সমাজ কল্যাণ বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবাম ,সহকারী আয়ুক্ত ও

ভারপ্রাপ্ত শিশু সুরক্ষা আধিকারিক প্রিয়াঙ্কা ইয়ুমনাম ,সহকারী আয়ুক্ত রংবামন টেরং, জেলা সমাজকল্যাণ আধিকারিক জে এ ইসলাম প্রমূখ অংশ গ্রহণ করেন । ২১ জুন থেকে ৪ অক্টোবর পর্যন্ত চলা ১০০ দিবসীয় সচেতনতা অভিযানকে মোট ১৬ টি সপ্তাহে ভাগ করে কর্মপন্থা স্থির করা হয়েছে । এই কার্যসূচী নিয়ে বিস্তারিত বিবরণ তুলে ধরেন ডিস্ট্রিক্ট প্রোগ্রাম কোর্ডিনেটর ঈশিতা দাস । সভায় জানানো হয় যে ২১ থেকে ২৪ জুন প্রথম সপ্তাহে ১০০ দিবসীয় সচেতনতা কার্যসূচীর সূচনা করা হয়েছে । এতর মহিলাদের কল্যাণে স্কুল কলেজে গোষ্ঠী সদস্য,অগ্রনী কর্মীদের নিয়ে সচেতনতা কার্যসূচী শিবির প্রশিক্ষণ পর্ব অনুষ্ঠিত হয়েছে । দ্বিতীয় সপ্তাহে ২৪ থেকে আজ পর্যন্ত বেটি বাচাঁও বেটি পড়াও সপ্তাহ ও পি সি পি এন ডিটি আইন নিয়ে সচেতনতা কার্যসূচী চলছে এবং এভাবেই আগামী চৌঠা অক্টোবর পর্যন্ত পর্যায়ক্রমে নানা কার্যসূচীর আয়োজন করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত শ্রী যাদব শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক পর্যায়ে এবং গ্রাম পঞ্চায়েত পর্যায়ে সভা অনুষ্ঠিত করার আহ্বান জানান ।

---